

### খুলনা ভাৰ্চিটিং এমবিএ ভিত্তি কাৰ্যক্রমের ওপর আদালতের নিষেধাজ্ঞা

খুলনা ব্যুরো : খুলনা বিশ্ববিদ্যালয়ের এমবিএ কোর্সে ভিত্তি কার্যক্রমের ওপর আদালত অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেছে। নাজনীন নাহার নামে একজন ভিত্তিচ্ছু আদালতের শরণাপন্ন হয়ে এই মর্মে আবেদন করেন যে, তিনি মেধাতালিকায় স্থান পাওয়া সত্ত্বেও ভিত্তির ক্ষেত্রে তাকে অপেক্ষমাণ হিসেবে গণ্য করা হচ্ছে। বটিয়াঘাটা উপজেলা বিজ্ঞ সহকারী জজ মোসাম্মাৎ দিলরুবা সুলতানার আদালতে মামলাটি দায়ের করা হয়। মামলার তদানির পর বিজ্ঞ বিচারক মামলাটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ভিত্তি কার্যক্রম বন্ধের অন্তর্বর্তীকালীন আদেশ জারি করেন। একই সাথে তিন সপ্তাহের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়। খুলনা বিশ্ববিদ্যালয়ে কোন ভিত্তির ক্ষেত্রে এ ধরনের ঘটনা এটাই প্রথম। উল্লেখ্য, এবারই প্রথম এমবিএ কোর্স চালু করা হয়।

আদালতে আবেদনকারিণী খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর রেজাউল করিমের স্ত্রী।